দৈনিক সংবাদ

তারিখ MAR. 8 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

126

### কাতলাসেন কাদেরিয়া আলিয়া মাদ্রাসা

# অধ্যক্ষের বিরুদ্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগ

**ময়মনসিংহ থেকে নিজস্ব বার্তা পরিবেশক :** ঐতিহ্যবাহী কাতলা সেন কাদেরিয়া আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ মওলানা মোঃ আবদুল জব্বারের বিরুদ্ধে বিভিন্নরকম অবৈধ কার্যকলাপ দ্বারা নিজস্ব স্বার্থ উদ্ধার, অযোগ্য শিক্ষক নিয়োগ ও স্বেচ্ছাচারিতার মাধ্যমে মাদ্রাসাটি পরিচালনার অভিযোগ উত্থাপন করা হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় ময়মনসিংহ প্রেসক্লাবে মাদ্রাসার গভর্নিং বডির সদস্য, মাদ্রাসার ছাত্র ও এলাকাবাসী আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ অভিযোগ করা হয়। সম্মেলনে বক্তব্য রাখেন মনিরুজ্জামান, মোঃ মোজাম্মেল হক, সিদ্দিকুর রহমান, আবদুল বারী, নুরুল ইসলাম, সাহেব আলী ও আবদুর রাজ্জাক। সম্মেলনে বলা হয় সরকারি নিয়োগ না মেনে সম্পূর্ণ অনিয়ম ও স্বজনপ্রীতির মাধ্যমে অনভিজ্ঞ ব্যক্তিকে মাদ্রাসার মোহাদ্দেস হিসেবে নিয়োগদান করা হয়েছে। যিনি কামিল শ্রেণীতে পাঠদানের অযোগ্য। এ ব্যাপারে মাদ্রাসার ছাত্ররা মোহাদ্দেসের নিয়োগ বাতিলের দাবিতে একটানা ক্লাস বর্জন ও জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান করে। কিন্তু গত ৬ মাসে প্রশাসন এ ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করেনি। মাদ্রাসার আয় ব্যয়ের একটি বাজেট মিটিং দেয়ার জন্য গভর্নিং বডি সদস্যরা বার বার তাগিদ দেয়া সত্ত্বেও অধ্যক্ষ কোন সভা আহ্বান করছে না। গত ২১শে অক্টোবর '৯৮ তারিখে অনুষ্ঠিত মুলতবি সভা আজ পর্যন্ত আর ডাকা হয়নি। এ ব্যাপারে মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে অবহিত করা হলে তিনিও কোন কার্যকর ব্যবস্থা নিচ্ছেন না। এলাকায় ব্যাপারটি নিয়ে উত্তেজনা বিরাজ করছে। অবিলম্বে এই অধ্যক্ষের কবল হতে ঐতিহ্যবাহী ধর্মীয় প্রতিষ্ঠানটি ধ্বংসের হাত হতে রক্ষার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি দাবি জানানো হয়েছে।